দৈনিক বাংলা

00 019

তারিখ 16 MAR 1986
পৃষ্ঠা 4 কলাম 3



শনিবারে কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক সমাবেশ —দৈনিক বাংলা

# শিক্ষক মহাসমাবেশ ২০শে মার্চ

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ তাদের দাবী আদায়ের লক্ষ্যে আগামী ২০শে মার্চ বৃহস্পতিবার বিকেল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সমাবেশ শেষে বঙ্গভবনে প্রেসিডেন্টের কাছে স্মারকলিপি পেশ করা হবে।

এই মহাসমাবেশ সফল করার জন্য দেশের সকল জেলাউপজেলার প্রতিটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের প্রতি আহ্বান জানান হয়।

শনিবার কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ আহূত সমাবেশে এই সিদ্ধান্ত নেয়া হয়। সমন্বয় পরিষদের অন্যতম নেতা জনাব আবদুল নূর চৌধুরী এই সমাবেশে সভাপতিত্ব করেন। সমাবেশে বক্তৃতা করেন পনের দলের পক্ষ থেকে বাকশালের জনাব আবদুর রাজ্জাক, সাত দলের পক্ষ থেকে ইউপিপি নেতা জনাব শামসুল আরেফিন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি জনাব কে এম তাজউদ্দীন, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদের নেতা জনাব আতাউল্ল করিম, কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদের জনাব আখতারুজ্জামান, ছাত্র ঐক্যজোটের জনাব আবদুল জলিল প্রমুখ।

সমাবেশে গৃহীত এক প্রস্তাবে এসএসসি পরীক্ষাকে কেন্দ্র করে যারা পুলিশের গুলিতে নিহত হয়েছে তাদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান হয়। সমাবেশে এই গুলির নিন্দা করে হতাহতদের পর্যাপ্ত ক্ষতিপূরণ দান এবং বিচার বিভাগীয় তদন্তানুষ্ঠানের মাধ্যমে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান হয়।

সমাবেশে গ্রেফতারকৃত সকল শিক্ষক ও ছাত্রদের মুক্তি দিয়ে তাদের দাবী মেনে নেয়া এবং সকল প্রকার হয়রানি বন্ধের দাবী জানান হয়।